

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
মাদ্রাসা শাখা-১  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

নং-৫৭.০০.০০০০.০৭৫.০২৬.০২.১৮/২৮৪

তারিখঃ

১৭ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ  
০২ অক্টোবর ২০১৯ খ্রি

বিষয়: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) এর স্থাপন শীর্ষক প্রকল্পের জীপ গাড়ি, মাইক্রোবাস ও অন্যান্য সরঞ্জামাদি টিওএন্ডই ভুক্তকরণ সংক্রান্ত।

সূত্রঃ বিএমটিটিআই এর স্মারক নং-বিএমটিটিআই-৮৩(অংশ-১)/শিক্ষা/২০০৪/প্রশা:১৬০, তারিখ-২৭/০৮/২০১৯খ্রি:।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৪/০৩/২০০২ তারিখের নং-সম/সওব্যয়/টিম-৩(২)-শিম-৫/২০০১-৩৯ সংখ্যক স্মারকে জারিকৃত সরকারি আদেশে ইনস্টিটিউটের ৩৪টি পদসহ ১টি জীপ গাড়ি রাজস্ব বাজেটে বিএমটিটিআই-তে স্থানান্তরিত হয় (কপি সংযুক্ত)। সচিব কমিটির সুপারিশের ভিত্তিতে পরবর্তীতে অর্থ মন্ত্রণালয়ের ১৬/১০/২০০৩ তারিখের নং-অম/অবি/উ:৬/সা:শি-২৩/২০০১/৪৩৯ সংখ্যক স্মারক পত্রে প্রতিষ্ঠানটির ৪৪টি পদসহ সমাপ্ত প্রকল্পের আওতায় যানবাহন ও যাবতীয় অফিস সরঞ্জামাদি রাজস্ব বাজেটে স্থানান্তরের জন্য সরকারি সম্মতি জ্ঞাপন করে (কপি সংযুক্ত)।

০২। অর্থ বিভাগে প্রতিষ্ঠানটির ১টি জীপ গাড়ি ক্রয়ের সম্মতির জন্য পত্র প্রেরণ করা হলে অর্থ বিভাগ শর্ত অনুযায়ী প্রস্তাবিত জীপ গাড়ি মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই)-এর টিওএন্ডইতে অন্তর্ভুক্তকরণে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করতে অনুরোধ জানিয়েছে (কপি সংযুক্ত)। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) এর স্থাপন শীর্ষক প্রকল্পের জীপ গাড়ি, মাইক্রোবাস ও অন্যান্য সরঞ্জামাদি ভূতাপেক্ষভাবে প্রতিষ্ঠানটির টিওএন্ডই ভুক্তকরণ প্রয়োজন।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) এর স্থাপন শীর্ষক প্রকল্পের জীপ গাড়ি, মাইক্রোবাস ও অন্যান্য সরঞ্জামাদি ভূতাপেক্ষভাবে প্রতিষ্ঠানটিতে টিওএন্ডই ভুক্তকরণের সম্মতি প্রদানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে মহোদয়কে নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।

  
(মো: জাহাঙ্গীর হোসেন বেপারী)  
সিনিয়র সহকারী সচিব (মাদ্রাসা-১)  
ফোন- ৯৫৭৭৪২৪  
m\_jahangir11@yahoo.com

সচিব

জনপ্রশাসন মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(দৃ: আ: অতিরিক্ত সচিব, সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগ)।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কটন গার্ডেন রমনা, রোড, ঢাকা-১০০০।
- ২। যুগ্মসচিব, ব্যয় ব্যবস্থাপনা অধিশাখা-৩, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, বাংলাদেশ শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), বোর্ডবাজার, গাজীপুর।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। অফিস কপি।